৩. **ব্রেনটেগ বাংলাদেশ ফর্মুলেশন লিমিটেড; মালিপাড়া, ভাওয়াল রাজবাড়ী, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেদার ইন্ডাস্ট্রির জন্য ওয়েটিং এজেন্ট (নিসাপল ইএফ) ও ব্যাটিং এজেন্ট (নিসাবেট) এর ফর্মুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৫ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ০৮/০৪/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০৯১.৭২.০২৪.১৮.১২৫ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **রহমান ইমপেক্স ফিস এক্সপোর্ট লিমিটেড; ঘূর্ণী, সদর, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফিস প্রসেসিং বা ফ্রোজেন ফিস): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের তরল বর্জ্য পরিশোধনের জন্য প্রস্তাবিত ইটিপি'র ডিজাইন ত্রুটিপূর্ণ হওয়ায় উদ্যোক্তার আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি যশোর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **স্কয়ার ফ্যাশনস লিমিটেড; জামিরদিয়া, হবিরবাড়ি, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিট ও গ্রে ফেব্রিক্স ডাইং, ওয়াশিং, নিটিং, ফিনিশিং, প্রিন্টিং, এমব্রয়ডারি): ৫২৮ তম সভার ঝ/১২ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, মহামান্য সুপ্রিমকোর্টের রিট পিটিশন ২৪৪৩/২০২৫ এর আদেশ এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট কার্যক্রমের বিরুদ্ধে উদ্যোক্তা কর্তৃক

সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রতিষ্ঠানের পরিবেশগত ছাড়পত্র প্রক্রিয়াকরণের বিষয়ে আইনগত মতামত চেয়ে সদর দপ্তর কর্তৃক আইন শাখায় পত্র প্রেরণ করার সুপারিশ গৃহীত হয়।

৬. **এমআরটি এগ্রো প্রোডাক্টস বিডি লিমিটেড; রুকনাকান্দা, গৌরীপুর, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পরিশোধিত রাইস ব্রান অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটি ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৭. **পি.কিউ.এস প্রিন্টিং এন্ড এমব্রয়ডারি; কুনিয়া, কেবি বাজার, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স এমব্রয়ডারি ও স্ক্রিন প্রিন্টিং): ৫২৯তম সভার জ/৪ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ এবং তরল বর্জ্য অপসারণের ড্রেনেজ সিস্টেম না থাকায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করেতে হবে।

৮. **ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল; পূর্ব শাহী ইদগাহ, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): ৫২৯তম সভার জ/১১ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত অসংগতি থাকায় উদ্যোক্তার উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিলেট জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করেতে হবে।

(ক) হাসপাতালের চিকিৎসা ও পয়ঃ তরল বর্জ্যের গুণগতমানের পরিবীক্ষণ ফলাফল (দাখিলকৃত ফলাফল অস্পষ্ট)

(খ) MBBR-এর Calculation সঠিক নয়;

(গ) pH Correction প্রযোজ্য নয়;

(ঘ) Clarifier-এর ইনলেট ও আউটলেটের ডিজাইন সঠিক নয়।

৯. **মোবারকগঞ্জ সুগার মিলস লিমিটেড; নলডাঙ্গা, কালিগঞ্জ, ঝিনাইদহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: চিনি ও মোলাসাস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত, দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সদর দপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে, বিগত ৫০৯তম সভার ঝ/১৯ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক যথাযথ তথ্য/ প্রস্তাবনা দাখিল না করায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি ঝিনাইদহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১০. **রিফাত এগ্রো কেমিক্যালস ইন্ডাস্ট্রিজ; সলেমানপুর, কোটচাঁদপুর, ঝিনাইদহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জিংক সালফেট প্রস্তুত): ৫২০তম সভার ঝ/৭ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, সংশোধিত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনা দাখিলের জন্য ঝিনাইদহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) উপযুক্ত ডিগ্রিধারী কোনো কেমিক্যাল ইঞ্জিনিয়ার কর্তৃক কারখানার Air Pollution Control (APC) এর ডিজাইন, ক্যালকুলেশন দাখিল।

১১. **700 KW AC Solar Power Plant of Petromax Refinery Ltd; প্লট নং-১৫, মোংলা বন্দর শিল্প এলাকা, মোংলা, বাগেরহাট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সৌর বিদ্যুৎ উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অবস্থান বাংলাদেশ সরকার ঘোষিত সুন্দরবন ইসিএ এলাকার মধ্যে এবং মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের গত ২৪ আগস্ট ২০১৭ তারিখের রিট নং ১২৪৬৭/২০১৭ এর নির্দেশনা অনুযায়ী সুন্দরবন এলাকায় নতুন শিল্প কারখানা স্থাপন ও অনুমোদনের উপর নিষেধাজ্ঞা থাকায় উদ্যোক্তার ছাড়পত্রের আবেদন প্রক্রিয়াকরণের বিষয়ে অধিদপ্তরের আইন শাখার মতামত গ্রহণের সুপারিশ গৃহীত হয়।

১২. **মেসার্স এসফাম এনার্জি; বালিয়াপাড়া, আলামপুর, সদর, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত ব্যবস্থাদি বাস্তবায়নপূর্বক সচিত্র তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) রিয়্যাক্টর হতে সৃষ্ট কার্বন পাওডার সাইলো/ আবদ্ধ কোনো ট্যাংকে সংগ্রহের লক্ষ্যে Concealed Screw Type Conveyor স্থাপন;

(খ) পাইরোলাইসিস প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর Hazardous গ্যাস বা Unwanted Substances নির্গমন প্রতিরোধে নাইট্রোজেন গ্যাস Purging system স্থাপন; এবং

(গ) হাইড্রোকার্বন Detector স্থাপন।

১৩. **বিসমিল্লাহ ফেব্রিক্স লিমিটেড; শাকপুরা, মিলিটারীপুল, বোয়ালখালী, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স নিটিং, ডাইং, ফিনিশিং ও প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য চট্টগ্রাম জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) সঠিক উৎপাদন ক্ষমতা;

(খ) পানি ব্যবহারের পরিমান;

(গ) সৃষ্ট তরল বর্জ্যের পরিমান এবং

(ঘ) পরিশোধিত তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল।

১৪. **খুলনা শিশু হাসপাতাল; রতন সেন সরণি, সদর, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১৫০ শয্যাবিশিষ্ট হানপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী এসটিপি'র ড্রইং, ডিজাইন, ক্যালকুলেশন।

(খ) হাসপাতালের লেআউট প্ল্যানে এসটিপির অবস্থান চিহ্নিতপূর্বক মাস্টার লেআউট প্ল্যান;

(গ) ড্রেনেজ প্ল্যান।

১৫. **কর্ণফুলী আরও ওয়াটার লিমিটেড; সেক্টর-০৩, কেইপিজেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পানি পরিশোধন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৬. **মেসার্স নাছরিন অটোমোবাইল; চাঁনপুর, উত্তর কাউন্দিয়া মৌজা, আমিন বাজার, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বেজ অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক কারখানাটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৭. **মেসার্স হাফেজ মার্চরাইজিং এন্ড প্রসেস মিল; খুকনী, শাহজাদপুর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা প্রসেস ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৪/০৫/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭১.০০৮.২৫.১৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৮. **মেসার্স সাগর ব্যাটারি হাউজ; গোয়ালখালী, রুহিতপুর, কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পুরাতন ব্যাটারিকে রিসাইকল করে সীসা উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটি ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

১৯. **ফেইম এ্যাপারেলস লি: (ইউনিট-০২), উত্তর নরসিংহপুর, কাশিপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্রিন প্রিন্টিং, এমব্রয়ডারি ও গার্মেন্টস এক্সেসরিজ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটি ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

(ঞ) সুপারিশবিহীন ইআইএ-র কার্যপরিধি (ToR)

১. **Cox's Bazar-Teknaf Drive (1.60 km to 32.00 km) Road Widening Project by Raods & Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সড়ক প্রশস্তকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত, পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি কক্সবাজার জেলার রামু উপজেলার জংগল খুনিয়াপালং, পেঁচারদ্বীপ মৌজা, উখিয়া উপজেলার জালিরা পালং ও ইনানী মৌজা এবং সদরের জিলনজা মৌজায় অবস্থিত। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বিগত ১৯/০৪/১৯৯৯ তারিখের পবম-৪/৭/৮৭/৯৯/২৪৫ সংখ্যক স্মারক সম্বলিত প্রজ্ঞাপন অনুযায়ী উক্ত মৌজাসমূহ প্রতিবেশগত সংকটাপন্ন এলাকার (Ecologically Critical Area) অন্তর্ভুক্ত হওয়ায় এ বিষয়ে মতামত প্রদানের জন্য পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা শাখায় পত্র প্রেরণ করতে হবে।

২. **Dhaka-Chattogram National Highway Enhancement Project by Roads and Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক প্রশস্তকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনটি পরিবেশ সংরক্ষণ বিধিমালা

২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইআইএ-এর সমীক্ষা দলের সকল সদস্যদের স্বাক্ষর অন্তর্ভুক্ত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)

৩. **সিরাজগঞ্জ-রায়গঞ্জ (চান্দাইকোনা) (জেড-৫০৪২) জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ শীর্ষক প্রকল্প** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৭ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৯/০৬/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭২.০১৪.২৫.২৪৫ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **Improvement of Important Regional Highways to Appropriate Level of Standard and Width-Khulna Circle under Roads & Highways Department, Bagerhat** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৭/০৫/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭২.০১১.২৫.২০৯ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে বাগেরহাট জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **রাজশাহী সড়ক জোনের আওতায় জেলা মহাসড়কসমূহ যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৭ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৯/০৬/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭২.০১২.২৫.২৪৪/১ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে রাজশাহী বিভাগীয় কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৬. **Re-Excavation of the Lauhojong River under Sadar and Delduar Upazilas of Tangail District and Riverbank Protection work in Tangail Municipal Area, BWDB, Tangail** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নদী পুন:খনন কাজ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৭ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ২১/০৬/২০২৫ তারিখের ২২.০২.৯৩০০.১৪৩.৭২.০০২.২৫.২৪৮ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে টাঙ্গাইল জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৭. **Improvement of Sylhet-Tamabil Road to a 4-Lane Highway with separate SMVT Lane Project by Roads and Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৮ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ২১/০৭/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭২.০১৯.২৫.২৭৯ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিলেট জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

(ট) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: ইআইএ অনুমোদন

১. **Introduction of Electric Traction (Including Overhead Catenary & Sub-station) in between Narayanganj-Dhaka-Chattogram and Tongi-Joydevpur Section of Bangladesh Railway Project; Bangladesh Railway** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইলেকট্রিক ট্রেন লাইন নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ইতঃপূর্বে অনুমোদিত ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুযায়ী নিম্নবর্ণিত তথ্যাদি ইআইএ প্রতিবেদনে সন্নিবেশিত হয়নি বিধায় সংশোধিত আকারে ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর বিধি-১৫ অনুযায়ী ফরম-৬

(খ) বিধি-১৬ অনুযায়ী জনমত যাচাই সংক্রান্ত তথ্য, উপাত্ত এবং পত্রিকায় বিজ্ঞপ্তির কপি;

(গ) (ক) ও (খ) সন্নিবেশনসহ সংশোধিত ইআইএ প্রতিবেদন।

২. **Drilling of 2 appraisal cum-development wells (Titas-32 and Titas-33); Titas fas Field, Brahmanbaria** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্রাকৃতিক গ্যাস অনুসন্ধান ও উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **ইবনে সিনা হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার; বগুড়া, ১৫৬৬/১৫৬৮, চকফরিদ কলোনী, শেরপুর রোড, সদর, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ইতঃপূর্বে অনুমোদিত ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুযায়ী এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১১ অনুসারে ইআইএ প্রতিবেদন প্রণীত হয়নি বিধায় সংশোধিত আকারে ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৪. **ভ্যালমন্ট ডেনিম প্রসেস লিমিটেড; সি-৯৪৭, কড্ডা নান্দুন, ইসলামপুর, কড্ডা বাজার, বাসন, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ফেব্রিক্স ও রেডিমেড গার্মেন্টস ডাইং): ৫২৮ তম সভার ট/৫ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত সংশোধিত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র সভায় এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইআইএ প্রতিবেদন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ -এর তফসিল-১১ অনুসারে যথাযথ তথ্য/উপাত্তসহ প্রতিবেদনটি প্রস্তুত করা হয়নি বিধায় উদ্যোক্তার ইআইএ প্রতিবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৫. **ইসলামিক আরবি বিশ্ববিদ্যালয়; ঘাটারচর, কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিশ্ববিদ্যালয় স্থাপন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৫/০৫/২০২৫ তারিখের ২২.০২.২৬০০.১৩৭.১৬.২৩.২০২ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদির আলোকে ড্রেনেজ লেআউট প্ল্যান দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৬. **Integrated Water Resources Management and Development of the Surma-Kushiyara River Basin in Sylhet District by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ড্রেজিং ও নদী তীর প্রতিরক্ষা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৭ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ২১/০৬/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭২.০১৪.২৩.২৫০ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদির আলোকে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিলেট জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

(ঠ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: অবস্থানগত ছাড়পত্র

১. **এস এস আর ফেব্রিক্স লিমিটেড; কোতালেরবাগ, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে ফেব্রিক্স ডাইং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৫.০৫.২০২৫ তারিখের ২২.০২.৬৭০০.১৪০.৭২.০১৩.২২.২০৫ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **ডীপলেড ফার্মাসিউটিক্যালস লিমিটেড; সোনাখালী, বড়নগড়, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষধ ফর্মুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৫.০৫.২০২৫ তারিখের ২২.০২.৬৭০০.১৪০.৭১.০৪৮.২০২০.২০৬ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **জিই আর্মি রামু; রামু ক্যান্টনমেন্ট, রামু, কক্সবাজার** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পানি পরিশোধনাগার): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবর ১৩.০৫.২০২৫ তারিখের ২২.০২.২২০০.২১৩.০৭১.০০৪.২৫.১৮৪ সংখ্যক স্মারকের মাধ্যমে দেয় পত্রের চাহিত তথ্যাদি অদ্যাবধি দাখিল না করায় অবস্থানগত

ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে কক্সবাজার জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **তিনা সোয়েটার লিমিটেড; ইসলামপুর, বাসন, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রদত্ত উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;
(খ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান।

৫. **স্কয়ার ফার্মাসিউটিক্যালস পিএলসি (পাটিকাবাড়ি ইউনিট); পাটিকাবাড়ি, সদর, পাবনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য পাবনা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;
(খ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান;
(গ) কাঁচামালের নাম ও পরিমাণ;
(ঘ) ইনসিনারেশন প্লান্টের স্পেসিফিকেশন।

৬. **এস.বি. ফার্মাসিউটিক্যালস; কেচুয়াতৈল, পরিলা, পবা, রাজশাহী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ ফর্মুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন।

৭. **ক্ল্যাসিক্যাল ডাইং এন্ড প্রিন্টিং লিমিটেড; চেয়ারম্যান পাড়া, সদর, নীলফামারী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জুট ফাইবার, জুট ইয়ার্ন, কলার ফাইবার, তাল ফাইবার, কর্ন ফাইবার, খেজুর ফাইবার ইত্যাদি নীল, হলুদ দিয়ে ডাইং করা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন ও সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রদত্ত উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন।

৮. **গ্রিনকিম কিমিয়া লিমিটেড; নাওজোড়, কড্ডা, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইটিপিতে ব্যবহার উপযোগী কেমিকেল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে জেলা কার্যালয় কর্তৃক 'পরিবেশগত পরিদর্শন ম্যানুয়াল' অনুযায়ী কারখানা পরিদর্শন চেকলিস্ট ও প্রতিবেদন প্রেরণপূর্বক নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান।

৯. **এ এস আর এন্টারপ্রাইজ; কাজীপাড়া, কুচিয়ামোড়, আলিপুর বাজার, বন্দর, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সীসার বার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;
(খ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান;
(গ) ব্যাটারি ভাঙ্গার প্রক্রিয়া ও দূষণ প্রতিরোধের ব্যবস্থার বিস্তারিত বিবরণ।

১১. **আল মুমিন ব্যাটারি লিমিটেড; বরংগাইল হাইওয়ে, ঘিওর, মানিকগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সীসার বার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;
(খ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান;
(গ) ব্যাটারি ভাঙ্গার প্রক্রিয়া ও দূষণ প্রতিরোধের ব্যবস্থার বিস্তারিত বিবরণ।

১২. **পাইওনিয়ার ওয়াশ-টেক লিমিটেড; নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায়

পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;

(খ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান।

১৩. **রিভেরা পার্ক সিটি (প্রা.) লিমিটেড; পিংক ফুড ইন্ডাস্ট্রিয়াল পার্ক, আমিন বাজার, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১৪. **আরশিনগর ল্যান্ড ডেভেলপমেন্টস লিমিটেড; উত্তর কাউন্দিয়া, আমিনবাজার, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১৫. **এস এস এন্টারপ্রাইজ; রোয়াইল, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সীসার বার প্রস্তুত): ৪২৯তম সভার ট/৪ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) সংশোধিত আইইই প্রতিবেদন;

(খ) ব্যাটারি ভাঙ্গার প্রক্রিয়া ও দূষণ প্রতিরোধ ব্যবস্থার বিস্তারিত বিবরণ;

(গ) ফার্নেসের ধরন ও উহার জ্বালানী এবং ফার্নেস হতে সৃষ্ট সালফার-ডাই-অক্সাইড (SO_2) নিঃসরণরোধ ব্যবস্থাপনা;

(ঘ) বায়ু দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিস্তারিত তথ্য;

(ঙ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান;

(চ) শ্রমিক/ কর্মচারীদের স্বাস্থ্যগত ব্যবস্থাপনার বিবরণ।

১৬. **Minor Irrigation Development Project in Haor Areas of Kishoreganj and Netrokona District by Bangladesh Agricultural Development Corporation** (শিল্প/প্রকল্প কার্যক্রম: খাল খনন বা পুন:খননের মাধ্যমে হাওড় এলাকায় সেচ ব্যবস্থার উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পটি পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-১ এর লাল শ্রেণিভুক্ত হওয়ায় নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইআইএ-এর সমীক্ষা দলের সকল সদস্যদের স্বাক্ষর অন্তর্ভুক্ত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)।

(খ) লাল শ্রেণি হিসেবে অবস্থানগত ছাপড়পত্রের জন্য অনলাইনে আবেদন।

(ড) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: এপিসি/ ইটিপি/ এসটিপি-এর ডিজাইন অনুমোদন

১. **মেসার্স তালহা মার্চরাইজিং এন্ড প্রসেস মিলস; খুকনী শাহজাদপুর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা প্রসেসিং ও ওয়াশ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, উদ্যোক্তার দাখিলকৃত তথ্যাদিতে ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর ৫২৭ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা/মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদান না করায় উদ্যোক্তার ইটিপি নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **ড্রেসডেন টেক্সটাইল লিমিটেড; গুজিয়াম, অমিরাবাড়ি, ত্রিশাল, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম:---): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের উৎপাদিত দ্রব্যের নাম ও পরিমাণ এবং উপযুক্ত পরামর্শক এবং সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কর্তৃক এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় এসটিপি নির্মাণের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ময়মনসিংহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **প্রাণ এগ্রো লিমিটেড; হাটসিংড়াদহ, একডালা, সদর, নাটোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নুডুলস, মশলা, সস, চাটনী, চকলেট, এডিবল জেল, আর্টিফিসিয়াল ফ্লেভার ডিংকস, সরিষার তেল, আচার, জ্যাম, জেলী ও সকল প্রকাল ফ্রুট পালপিং প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়।

পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **এভারব্রাইট সোয়েটার লিমিটেড; কাঠগড়া বাজার, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার লিংকিং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশোধিত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের পুনরায় দাখিল'র ডিজাইন, ক্যালকুলেশন উপযুক্ত পরামর্শক এবং সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কর্তৃক পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় ইটিপি নির্মাণের আবেদন পুনরায় নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **কনফিডেন্স স্টিল এক্সপোর্ট লিমিটেড ও কনফিডেন্স ইনফ্রাস্ট্রাকচার পিএলসি; নয়াপুর, বরাব, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্টিল স্ট্রাকচার এক্সেসরিজ, স্টিল পোল ফিটিং ফেন্সি ও গ্যালভানাইজিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সিএসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের সিএসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৬. **ট্রান্সকম বেভারেজস লিমিটেড; তেলিরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কোমল পানীয় ও বেভারেজ পণ্য প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি'র ডিজাইন ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী এসটিপি'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন।

৭. **এপেক্স ট্যানারী লিমিটেড; প্লট # এক্স এ-১, এক্স এ-২, এক্স এ-৩, এক্স এস-৮, বিসিক চামড়া শিল্প নগরী, হরিণধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়েট ব্লু লেদার থেকে ক্রাস্ট লেদার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ক্রোম রিকভারি প্ল্যান অনুমোদনের লক্ষ্যে নিম্নবর্ণিত তথ্য ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) UNIDO গাইডলাইন অনুসারে Chrome recover & Reuse সুবিধাসহ সংশোধিত ETP ডিজাইন, ক্যালকুলেশন।

৮. **রহিম আফরোজ ব্যাটারিজ লিমিটেড; পশ্চিম পানিশাইল, জিরানী বাজার, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেড এসিড ব্যাটারি প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৯. **এ এন্ড ও এ্যাপারেলস (প্রা:) লিমিটেড; চর রাজাপুর, বক্তাবলী, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স নিটিং, ডাইং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) কাঁচামালের নাম ও পরিমাণ।

১০. **গাজী এক্সেসরিজ; প্লট # এ/৯২, বিসিক শিল্প নগরী, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) অপরিশোধিত তরল বর্জ্যের গুণগতমান পরীক্ষার ফলাফল এবং উক্ত ফলাফলের উপর ভিত্তি করে ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন।

১১. **মেসার্স তুসুকা ওয়াশিং; নীলনগড়, কোনাবাড়ী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি'র ডিজাইন ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী এসটিপি'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন।

১২. **রেনেটা লিমিটেড; মির্জাপুর, রাজেন্দ্রপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে,

আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি'র ডিজাইন ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী এসটিপি'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন।

১৩. **বিসমিল্লাহ ফেব্রিক্স; পিলকুনি পুলপাড়, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন।

১৪. **লী নভোটেক্স (প্রা:) লিমিটেড; ৬৫, বোর্ড বাজার, কলমেশ্বর, জাতীয় বিশ্ববিদ্যালয়, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিট কটন ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটির ইটিপি ইতোমধ্যে নির্মিত হওয়ায় ইটিপি নির্মাণ অনুমোদনের অবকাশ নেই। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৫. **জেটি ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড; বটতৈল, স্বস্তিপুর, সদর, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: তামাক প্রক্রিয়াজাতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

(ঢ) বিবিধ

১. **ফিলিপ মরিস বাংলাদেশ লিমিটেড; প্লট # ৪১, মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন, মোগড়াপাড়া, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিকোটিন পাউচ রিপ্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৯৯)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সদর দপ্তরের মাধ্যমে নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

২. **পিওর ইন্ডাস্ট্রিয়াল কেমিক্যালস লিমিটেড; ঘোষবাগ, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিমেন্ট এডহেসিভ ও সিমেন্ট এডমিক্সার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় কারখানার ব্যবহৃত কাঁচামাল, উৎপাদিত পণ্য ও উৎপাদন প্রক্রিয়া পর্যালোচনান্তে আলোচ্য শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পকে **'কমলা' শ্রেণি (ক্রমিক নম্বর: ১৭)** হিসেবে শ্রেণি ঢাকা অঞ্চল কার্যালয়ের মাধ্যমে উদ্যোক্তার ছাড়পত্রের আবেদন নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৩. **আদজী ট্রিমস লিমিটেড; ডাউটিয়া, কালামপুর, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেবেল, রাবার প্যাচ, হ্যান্ড ট্যাগ, সাইজ ট্যাগ, টুইল ট্যাপ, ফটো কার্ড, ব্যাক বোর্ড, লুপ ও স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইতঃপূর্বে প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, কারখানাটিতে কোনো ডাইং ও প্রিন্টিং কার্যক্রম পরিচালনা না করায় আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা থেকে বিগত ০৬/০৩/২০২৪ তারিখে কমলা শ্রেণি হিসেবে জারীকৃত অবস্থানগত ছাড়পত্র নং: ২৪-১১৭৮৬৯ বাতিলপূর্বক **'সবুজ' (ক্রমিক নম্বর: ২৩)** শ্রেণি হিসেবে ঢাকা জেলা কার্যালয়ের মাধ্যমে উদ্যোক্তার ছাড়পত্রের আবেদন নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৪. **পেপার প্রসেসিং এন্ড প্যাকেজিং লিমিটেড; মেঘনাঘাট, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্যাকেজিং পেপার (মাঝারি), রঙিন প্যাকেজিং পেপার, সিমপ্লেক্স (১৩০-৩০০) জিএসএম প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক গত ১৪/০৯/২০১৭ তারিখের ২২.০২.৬৭০০.১৪০.৭২.০৭৮.১৭-৭২ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম নারায়ণগঞ্জ জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পূর্ব নাম	প্রতিষ্ঠানের বর্তমান নাম
পেপার প্রসেসিং এন্ড প্যাকেজিং লি:	**মাগুরা মাল্টিপ্লেক্স পিএলসি**

৫. **বে-ট্যানারীজ ইউনিট-২ লিমিটেড; প্লট # এক্স এস ১১, এক্স এ ৫, এক্স এ ৬, এক্স এস ৯, বিসিক চামড়া শিল্প নগরী, হরিণধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়েট ব্লু চামড়া হতে ক্রাস্ট লেদার ও ক্রাস্ট লেদার হতে ফিনিশিড লেদার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও ঢাকা জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য

প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক গত ০৪ মার্চ ২০২৫ তারিখের ২২.০২.২৬০০.১৩৭.০৭১.০১৪.২৫.৭২ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম ও মালিকানা ঢাকা জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পূর্ব নাম ও মালিকানা	প্রতিষ্ঠানের বর্তমান নাম ও মালিকানা
বে-ট্যানারীজ ইউনিট-২ লিমিটেড পূর্বের ব্যবস্থাপনা পরিচালকের নাম: জনাব মো: শামসুর রহমান	**পাইওনিয়ার সিমোনা ট্যানিং বিডি লি:** **বর্তমান ব্যবস্থাপনা পরিচালকের নাম: জনাব জিয়াউর রহমান**

৬. **ইনক্রেডিবল ফ্যাশনস লিমিটেড; কারল, সরিচালা, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, স্ক্রিন প্রিন্টিং ও কাট টু প্যাক): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক কারখানাটির অনুকূলে বিগত ০৪/০২/২০২৪ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২৪-১১৫৯০১ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র ৯ নং শর্তে উল্লেখিত ''কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার কারখানা নির্গত তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, SS, BOD_5 ও COD) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে" শর্ত হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে, পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটি কর্তৃক কারখানাটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৭. **রিভ সিস্টেমস লিমিটেড; রিভ সেন্টার, প্লট নং-৯৪ (পূর্বাচল এক্সপ্রেস হাইওয়ে), ডুমনি, খিলক্ষেত, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সফটওয়্যার ম্যানুফ্যাকচারিং ও আইটি সলিউশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের আওতায় সফটওয়্যার ম্যানুফ্যাকচারিং ও আইটি সলিউশন কার্যক্রম পরিচালিত হবে, যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে ঢাকা মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৮. **গ্লোরী টেক্সটাইল এন্ড এ্যাপারেলস লিমিটেড; খারুয়াইল, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স নিটিং, ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও ময়মনসিংহ জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ১৯/০১/২০২২ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২২-৭০৯৩২ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের মালিকানা ময়মনসিংহ জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পূর্বের ব্যবস্থাপনা পরিচালকের নাম	প্রতিষ্ঠানের বর্তমান ব্যবস্থাপনা পরিচালকের নাম
জনাব মো: মনিরুজ্জামান শেখ	**জনাব মো: আব্দুল জব্বার**

৯. **কোকো-কোলা বাংলাদেশ বেভারেজ লিমিটেড; হবিরবাড়ি, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ড্রিংকিং ওয়াটার ও কার্বোনেটেড ড্রিংক্স প্রস্তুত ও বোতলজাতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও ময়মনসিংহ জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ১৫/০৩/২০২০ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২০-৩৮৮৬৬ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের মালিকানা ময়মনসিংহ জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পূর্বের ব্যবস্থাপনা পরিচালকের নাম	প্রতিষ্ঠানের বর্তমান ব্যবস্থাপনা পরিচালকের নাম
Mr. Mayank Arora	**Mr. Shadab Ahmed Khan**

১০. **টরেসিড বাংলাদেশ লিমিটেড; নগর পাঁচদোনা, সদর, নরসিংদী** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: সিরামিক গ্লেজ, সিরামিক ক্রাসড ফ্রিট, মিডিয়াম এন্ড এডিটিভস): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৮০)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১১. **টিএমএসএস এলপিজি লিমিটেড; মোংলা, বাগেরহাট** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: জেটিসহ এলপিজি বোতলজাতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'লাল' (ক্রমিক নম্বর: ৬৪)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১২. **মদিনা গোল্ড; ২৮/২৯/১, বাসীচরণ সেন পোদ্দার স্ট্রিট, তাঁতীবাজার, ঢাকা** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: স্বর্ণ গলানোর মাধ্যমে স্বর্ণের বার প্রস্তুত ও স্বর্ণের কাঠিন্য নির্ণয়): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে,

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৭৫)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট মহানগর কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৩. **মেসার্স রাহা প্রিন্ট; ভাংনা, স্কুল রোড, ব্রাহ্মণকিত্তা, কেরানীগঞ্জ মডেল, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কাপড়, কাগজ ও টাইলসের উপর ডিজিটাল প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য কারখানাটিতে শুধুমাত্র ডিজিটাল পদ্ধতিতে প্রিন্টিং কার্যক্রম পরিচালিত হওয়ায় পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১ অনুযায়ী **'সবুজ' (ক্রমিক নম্বর: ১০)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

নোট:

সুপারিশকৃত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী উদ্যোক্তা কর্তৃক প্রযোজ্য ছাড়পত্র/ছাড়পত্র নবায়ন ফি ও ভ্যাট প্রদান নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ইস্যু করতে হবে।

মোঃ সামসুজ্জামান সরকার
উপপরিচালক (ইআইএ)
ও
সদস্যসচিব

দাপ্তরিক কাজে অফিসের বাইরে আছেন
একেএম রফিকুল ইসলাম
পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণা)
ও
সদস্য

ফরিদ আহমেদ
পরিচালক (ঢাকা মহানগর)
ও
সদস্য

রাজিনারা বেগম
পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা)
ও
সদস্য

মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক (ঢাকা অঞ্চল)
ও
সদস্য

মুহাম্মদ সোলায়মান হায়দার
পরিচালক (ঢাকা গবেষণাগার)
ও
সদস্য

মোঃ জিয়াউল হক
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য

মাসুদ ইকবাল মোঃ শামীম
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
আহবায়ক